ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৫৬

মোহনপুর, ৭ নভেম্বর, ২০২৫

**মোহনপুরে বন্দেমাতরম’র ১৫০তম বছর পূর্তি অনুষ্ঠান**

বন্দেমাতরম গানের ১৫০ বছর পূর্তি উপলক্ষে সারা রাজ্যের সাথে মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে মোহনপুর মহকুমা ভিত্তিক বন্দেমাতরম অনুষ্ঠান উদযাপন করা হয়। মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সজল দেবনাথ ও অতিরিক্ত মহকুমা শাসক ধৃতিশেখর রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ। অনুষ্ঠানের প্রথমে ভারমাতার প্রতিকৃতিতে শুরুতে শ্রদ্ধাঞ্জলি জানান অতিথিগণ। প্রধান অতিথির ভাষণে ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল বলেন, জাতীয় সঙ্গীত ভারতবাসীর প্রেরণা। বন্দেমাতরম হচ্ছে মাকে বন্দনা করা। আমরা আমাদের রাষ্ট্রকে মা হিসেবে বন্দনা করি। ১৮৭৫ সালে বঙ্কিমচন্দ্র  চট্টোপাধ্যায় বন্দেমাতরম গান লিখেছিলেন। পরবর্তী সময় তিনি তাঁর আনন্দমঠ উপন্যাসে এটি যুক্ত করেছিলেন। এই গান স্বাধীনতা আন্দোলনে দেশবাসীকে উদ্বুদ্ধ করেছিল।

********